# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. যে ব্যক্তি প্রসিদ্ধি ও পরিচিতিকে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الشُّهْرَةَ وَالْمَعْرِفَةَ

আরবী

أَخْبَرَنَا أَسْوَدُ بْنُ عَامِرٍ حَدَّثَنَا أَبُو بَكْرٍ عَنْ الْأَعْمَشِ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ جُرَيْجٍ عَنْ أَبِي بَرْزَةَ الْأَسْلَمِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَزُولُ قَدَمَا عَبْدٍ يَوْمَ الْقِيَامَةِ حَتَّى يُسْأَلَ عَنْ عُمُرِهِ فِيمَا أَفْنَاهُ وَعَنْ عِلْمِهِ مَا فَعَلَ بِهِ وَعَنْ مَالِهِ مِنْ أَيْنَ اكْتَسَبَهُ وَفِيمَا أَنْفَقَهُ وَعَنْ جِسْمِهِ فِيمَا أَبْلَاهُ

إسناده حسن من أجل أبي بكر بن عياش والحديث صحيح

বাংলা

৫৫৪. আবু বারযা’ আল-আসলামী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কিয়ামত দিবসে কোনো বান্দার পা ততক্ষণ পর্যন্ত নড়বে না, যতক্ষণ না তাকে জিজ্ঞেস করা হবে: কোন্ কাজে তার জীবন অতিবাহিত করেছে এবং ইলম অনুযায়ী কতটুকু আমল করেছে এবং তার ধন-সম্পদ কোথা হতে উপার্জন করেছে এবং তা কোথায় ব্যয় করেছে; এবং তার দেহ কোন্ কাজের মধ্য দিয়ে জীর্ণ করেছে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান আবী বাকর ইবনু আয়াশ এর কারণে। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা মুসনাদুল মাউসিলী নং ৭৪৩৪ এ এর শাহিদ সহ বিস্তারিত তাখরীজ করেছি। এটি আরও বর্ণিত হয়েছে, তাবারাণী, আওসাত ৩/১০৫ নং ২২১২ অভিযুক্ত সনদে। (তিরমিযী, ২৪১৯ তিনি বলেন: হাদীস হাসান সহীহ; আবু ইয়ালা ৭৪৩৪; বাইহাকী, আল মাদখাল নং ৪৯৪; মিযযী, তাহযীবুল কামাল ১০/৫১৮; খতীব, ইকতিদাউল ইলম পৃ: ১৭-১৮ নং ১; আজুরী, আখলাকুল উলামা ১৩৫পৃ:; আবু নুয়াইম, হিলইয়া ১০/২৩২।-

মুহাক্কিক্বের তাহক্বীক্ব, মুসনাদুল মাউসিলী নং ৭৪৩৪ ও ফাতহুল মান্নান নং ৫৬৪ এর টীকা।); পরবর্তী হাদীসটিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ বারযা আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন